বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

স্মারক নং-১৫৯২/২০২৫ এসসি (এডি)

তারিখ: ১৪ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউশনে প্রশিক্ষণার্থীদের জন্য যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ সেশন অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অনুমোদনক্রমে অধস্তন আদালতের বিচারকদের মধ্যে যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে সচেতনতা সৃষ্টি ও এ সংক্রান্ত আইনগত নির্দেশনা সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে সুপ্রীম কোর্টে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ, প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটির বিগত ২৬/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থীদের প্রত্যেক ব্যাচের প্রশিক্ষণ কর্মসূচিতে হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এ প্রদত্ত ১৪/০৫/২০০৯ খ্রিস্টাব্দ তারিখের রায়ের ওপর আলোচনা করার জন্য এক (১) থেকে দেড় (১.৫) ঘন্টাব্যাপী একটি পৃথক সেশন বরাদ্দ রাখা প্রয়োজন।

উক্ত সিদ্ধান্তের আলোকে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের চলমান ও ভবিষ্যৎ সকল প্রশিক্ষণ কোর্সের পাঠ্যসূচিতে উপরোক্ত বিষয়ে একটি সচেতনতামূলক সেশন অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

২৯/১২/২০২৫

(মুহাঃ হাসানুজ্জামান)
রেজিস্ট্রার
ও
সদস্য
সুপ্রীম কোর্টে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ
ও প্রাপ্ত অভিযোগ বিষয়ে অনুসন্ধান ও প্রয়োজনীয় সুপারিশ কমিটি

**প্রাপক:**

**পরিচালক (প্রশিক্ষণ)**
**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট বাংলাদেশ।**

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০২। সিনিয়র সচিব (ভারপ্রাপ্ত), সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের নিমিত্ত)।
০৪। ব্যক্তিগত কর্মকর্তা টু রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
০৫। অফিস কপি।